গাংনীতে গরু ব্যবসায়ীদের কাছে ডাকাতির অভিযোগে ডাকাত সন্দেহে একজন আটক

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে গাংনী উপজেলার ঝোড়াঘাট গ্রামের মারফত আলী নামের একজনকে ডাকাত সন্দেহে আটক করেছে গাংনী থানা পুলিশ। বৃহস্পতিবার দুপুরের দিকে মারফত আলীকে তার বাড়ি থেকে গাংনী থানা পুলিশের একটি ইউনিট তুলে আনেন।

থানায় এনে তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানান গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক।

গত বুধবার দিবাগত রাতে গাংনী উপজেলার কামারখালি গ্রামের চার গরু ব্যবসায়ী লালমনিরহাট থেকে গরু কিনে বাড়ি ফিরছিলেন। ট্রাক বোঝায় গরু নিয়ে ফেরার পথে কামারখালি গ্রামের সন্নিকটে রাস্তার উপর গাছ ফেলে ট্রাকটি থামিয়ে দেই।

পরে কামারখালী গ্রামে চার গরু ব্যবসায়ীর কাছ থেকে চার লক্ষ টাকা ছিনিয়ে নেয় ৬/৭ জনের সংঘবদ্ধ ডাকাত দল।

গরু ব্যবসায়ী আবুল কাসেম জানান, আমি আমার ভাই বুলবুল, মাখলুকাত হোসেন ও ট্রাকে করে গরু নিয়ে ফিরছিলাম। ছাতিয়ান ও কামারখালি মাঠের মধ্যে গাছ ফেলে ট্রাকের গতিরোধ করে আমাদের ঘীরে ফেলে ডাকাত দল। পরে আমাদের গলায় অস্ত্র ধরে চার জনের কাছ থেকে লক্ষাধিক টাকা ছিনিয়ে নিয়ে চলে যায় ডাকাত দল। পরে গ্রামবাসী ও খবর পেয়ে গাংনী থানা পুলিশের একটি দল এসে আমাদের উদ্ধার করেন। এঘটনায় গাংনী থানায় একটি অভিযোগ দেওয়া হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, একটি আভিযোগ পেয়েছি। এ ঘটনায় গাংনী উপজেলার জোড়া ঘাট গ্রামের মারুফাত আলী নামে একজন ডাকাত সদস্যকে আটক করা হয়েছে। তাকে জিজ্ঞাসাবাদ চলছে। বিস্তারিত পরে জানানো হবে।

ঝিনাইদহে কলেজ শিক্ষকদের মানববন্ধন ও প্রতিবাদ সভা

ঢাকার আশুলিয়ায় হাজী ইউনুস আলী স্কুল এন্ড কলেজের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের প্রভাষক উৎপল কুমার সরকারকে বর্বরোচিত হত্যা এবং নড়াইল সদরের মির্জাপুর ইউনাইটেড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাসসহ সারাদেশে শিক্ষক লাঞ্ছনা ও নির্যাতনের প্রতিবাদে বৃহস্পতিবার (৩০জুন) সকাল ১১টায় ঝিনাইদহ সদরের ডাকবাংলা বাজারে আঃ রউফ ডিগ্রি কলেজের শিক্ষক ও ছাত্রদের মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

কলেজের অধ্যক্ষ জে,এম. রবিউল ইসলামের সভাপতিত্বে এবং প্রভাষক শাহানুর আলম এর পরিচালনায় প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন উপাধ্যক্ষ বিবেকানন্দ তরফদার, সহকারী অধ্যাপক খুরশিদ মোহাম্মদ সালেহ, সহকারী অধ্যাপক জিনাত জেসমিন, সহকারী অধ্যাপক মোঃ মোদাচ্ছের আলী ও মোঃ জাহাঙ্গীর আনামসহ অন্যান্য শিক্ষক ও ছাত্রছাত্রীরা।

মানববন্ধনে বক্তারা বলেন আশুলিয়ায় কলেজের প্রভাষক উৎপল কুমার সরকার কে স্টাম্প দিয়ে পিটিয়ে হত্যা করা হয়েছে আমরা এই ঘটনায় জড়িত একই বিদ্যালয়ের দশম শ্রেণির বিপথগামী ছাত্র আশরাফুল ইসলাম জিতু ও তার পিতা কে গ্রেফতার করা হয়েছে। আমরা এই হত্যাকারী জিতুর দৃষ্টান্তমূলক শাস্তি ফাঁসির দাবি জানাচ্ছি। পাশাপাশি নড়াইল ইউনাইটেড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাসের বিরুদ্ধে ষড়যন্ত্র করে পুলিশ প্রশাসনের সামনে গলায় জুতার মালা দিয়ে লাঞ্ছনাকরাসহ সারাদেশে শিক্ষক নির্যাতনের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

এছাড়া এসব ঘটনার সাথে জড়িত ও ইন্ধন দাতাদের বিচারের আওতায় আনার জোর দাবি জানান বক্তারা।

সকাল থেকে দীর্ঘ লাইনে নারী পুরুষ, গরমে তিন নারী অসুস্থ্য

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে গাংনী উপজেলার কাথুলি ইউনিয়নে সরকার নির্ধারিত মূল্যে ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) পণ্য বিক্রির নির্ধারিত দিনে এলাকার হাজারও নারী পুরুষের উপচে পড়া ভিড়ে হিমশীম খেতে হয়েছে ডিলার ও শৃংখলার দায়ীত্বে নিয়োজিত আনসার সদস্যদের।

আজ বৃহস্পতিবার (৩০ জুন) সকাল ১১ টা থেকে পণ্য বিক্রি শুরু হয়।কিন্তু টিসিবি পণ্য বিক্রির খবরে এলাকার কয়েক হাজার নারী পুরুষ এসে জড়ো হয় কাথুলি ইউনিয়ন পরিষদ চত্ত্বরে।

তদারকির দায়িত্বে নিয়োজিত গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু বলেন কাথুলী ইউনিয়নে টিসিবি’র পণ্য’র মোট বরাদ্দ ২৭২৬ জনের। এর মধ্যে আজ বৃহস্পতিবার (৩০ জুন) এই ইউনিয়নে টিসিবির পণ্য দেয়া হয়েছে ১৩৫০ জনকে। টিসিবির পণ্য দেওয়ার খবরে ওই স্থানে এলাকার কয়েক হাজার মানুষ ভিড় করাই প্রচন্ড গরম তিন জন নারী অসুস্থ হয়ে পড়েন। ফলে ডিলার ও গ্রাম পুলিশকে হিমসিম খেতে হয়েছে।

স্থানীয় কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা বলেন, টিসিবির পণ্য নিতে সকাল থেকেই নারী পুরুষের এই দীর্ঘ লাইন ও দীর্ঘ সময় অপেক্ষা করে থাকা মানুষগুলোর চরম কষ্ট ভোগ করছেন। এখানে চাহিদার তুলনায় টিসিবির পণ্য বরাদ্দ কম। এছাড়া মাত্র একজন ডিলার সারা গাংনী উপজেলার এই বরাদ্দ বিতরণ করছেন। আমার মনে এই সংখ্যা আরও বৃদ্ধি করা উচিৎ। তিনি, টিসিবির পণ্য বরাদ্দ বৃদ্ধি ও ডিলারের সংখ্যাও বাড়ানোর জোর দাবী জানান।

টিসিবির পণ্য এবার ২২০ টাকায় ২ লিটার সয়াবিন তেল, ৫৫ টাকা কেজি দরে ১ কেজি চিনি এবং ৬৫ টাকা কেজি দরে ২ কেজি মসুর ডাল বিক্রি করা হচ্ছে।

কুষ্টিয়ায় কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ

কৃষি প্রণোদনার আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মধ্যে বিনামূল্যে আমন ধান(উফশি), গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ ও রাসয়নিক সার বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মিরপুর উপজেলা কৃষি অফিস চত্বরে এসব বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন করেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ কামারুল আরেফিন।

এসময় তিনি বলেন, কৃষিবান্ধব সরকার ক্ষমতায় রয়েছে বলেই কৃষকদের এখন আর সার নিয়ে সমস্যা হয় না। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এলে দেশে কৃষিতে বিপ্লব ঘটে।

তিনি আরও বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কৃষিবান্ধব নীতি মেনেই সরকার কৃষি উন্নয়নে বিভিন্নখাতে ভর্তুকি দিচ্ছে। আর কৃষি খাতে ভর্তুকি দেয়ায় কৃষকরা কৃষি কাজে উদ্বুদ্ধ হয়েছে বলেই বাংলাদেশ আজ খাদ্য ঘাটতির দেশ থেকে খাদ্য উদ্বৃত্তের দেশে পরিনত হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ আব্দুল কাদের, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আবুল কাশেম জোয়ার্দ্দার, মিরপুর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ, কৃষি সম্প্রসারণ অফিসার, মোঃ ইমরান বিন ইসলামসহ সংশ্লিষ্টরা।

মিরপুর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ জানান, মিরপুর উপজেলাতে ১৬২০ জন কৃষক কে উফশী আমন ধান বীজ ও সার প্রদান করা হবে যেখানে প্রতিজন ৫ কেজি ধান বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমেপি সার প্রদান করা হবে। এছাড়া ৫০ জন কৃষক কে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ ও রাসয়নিক সার প্রদান করা হবে যেখানে প্রতিজন কৃষক ১ কেজি পেঁয়াজ বীজ, ২০ কেজি ডিএপি সার ও ২০ কেজি এমওপি সার প্রদান করা হবে।

গাংনীতে র্যাবের অভিযানে পরোয়ানাভূক্ত আসামী গ্রেফতার

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্পের সদস্যরা অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত পলাতক আসামী পলাশ আলীকে
(৩০) গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত পলাশ আলী গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের পুরাতনপাড়া এলাকার ফারজেল হোসেনের ছেলে।

আজ বৃহস্পতিবার (৩০ জানু) ভোররাতের দিকে র্যাব-৬ গাংনী ক্যাম্পের একটি দল গোপন সংবাদের ভিত্তিতে এ উপজেলার বামন্দী শহরে অভিযান চালিয়ে পলাশকে গ্রেফতার করে।

র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্পের দেয়া প্রেস বিজ্ঞপ্তিতে জানান, পলাশ আলী গাংনী থানার স্মারক নং- ৯০ এর এনজিআর -১০/২০ এর আদালতের পরোয়ানাভূক্ত পলাতক আসামী। পলাশকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচনে সব প্রার্থী বৈধ ঘোষণা

মেহেরপুর সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদে উপ-নির্বাচনে ৬ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ ঘোষণা করেছেন নির্বাচনের রিটার্নিং অফিসার কমিশন।

আজ বৃহস্পতিবার (৩০জুন) বেলা ১১ টার দিকে আনুষ্ঠানিকভাবে সদর উপজেলার ভাইস চেয়ারম্যান পদের প্রার্থীদের মনোনয়নপত্র যাচাই বাছাই শেষে সবগুলো মনোনয়নপত্রই বৈধ ঘোষণা করেন মেহেরপুর জেলা নির্বাচন অফিসার ও উপনির্বাচনের রিটার্নিং অফিসার মুহাম্মদ আবু

আনছার।

মেহেরপুর সদর উপজেলা পরিষদের উপনির্বাচনের প্রার্থীরা হলেন, সাংস্কৃতিক সংগঠক মেহেরপুর অরণি থিয়েটারের সভাপতি, জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি, ছাত্রলীগের জাতীয় পরিষদের সদস্য, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক নিশান সাবের, মেহেরপুর শহরের মুখার্জীপাড়ার যুবলীগ নেতা মিজানুর রহমান হিরন, শহরের তাহের ক্লিনিকপাড়া এলাকার আওয়ামী লীগ নেতা শামীম উদ্দীন, উজুলপুর গ্রামের ইদ্রিস আলী, সদর উপজেলার শালিকা গ্রামে আওয়ামী লীগ নেতা আবুল হাশেম ও আমঝুপি গ্রামের আলফাজ উদ্দীন।

মেহেরপুর জেলা নির্বাচন অফিস সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

উল্লেখ্য, মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম ভাইস চেয়ারম্যান পদ থেকে মোমিনুল ইসলাম পদত্যাগ করে নবগঠিত বারাদী ইউনিয়ন পরিষদের নির্বাচন করে। ফলে সদর উপজেলা পরিষদের এই ভাইস চেয়ারম্যানের পদটি শুণ্য হয়। শুণ্যপদ পুরণের জন্য নির্বাচন কমিশন আগামী ২৭ জুলাই এই পদের উপনির্বাচনের তারিখ ঘোষণা করেন।

আগামী ৭ জুলাই মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। ৭ জুলাই।

উপজেলা পরিষদের উপনির্বাচনটিও ইভিএমে হবে বলে জানান তিনি। নির্বাচন অবাধ নিরপেক্ষ ও সুস্ঠ করতে সব ধরনের পদক্ষেপ নেওয়া হবে বলেও জানান তিনি।

মেহেরপুরে গরুর গাড়ির সাথে মোটরসাইকেলের ধাক্কা, দুজন আহত

মেহেরপুর সদর উপজেলার বারাদী-যতারপুর সড়কে গরুর গাড়ির সাথে মোটরসাইকেলের ধাক্কায় দুই জন আহত হয়েছেন।

আহতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার গোপালপুর গ্রামের মাঝপাড়া

এলাকার মুকলেছুর রহমানের ছেলে তুর্য(১৭) ও আব্দুর রশিদের ছেলে লিখন হোসেন (২৫)।

আজ বৃহস্পতিবার (৩০ জুন) দুপুরের দিকে টুঙ্গি-গোপালপুরের গ্রামের মাঝ খানে এ দূর্ঘটনা ঘটে। আহতদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত লিখন জানান, আমরা মোটরসাইকেল যোগে গোপালপুর থেকে টুঙ্গি যাচ্ছিলাম। গ্রামের মাঝ খানে পৌছানো মাত্র বিপরীত থেকে আসা একটি গরুর গাড়ির সাথে ধাক্কা লেগে পার্শ্ববর্তি খাদে পড়ে যায়।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে কর্তব্যরত সিনিয়র স্টাফ সবুজ আহমেদ জানান, আহতদের ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। তবে তারা আশংকামুক্ত।

শিক্ষক হত্যা ও হেনস্তকারীর প্রতিবাদে হরিণাকুণ্ডুতে মানববন্ধন

ঢাকা সাভারের আশুলিয়া স্কুল এন্ড কলেজের শিক্ষক উৎপল কুমার সরকার কে স্টাম্প দিয়ে পিটিয়ে হত্যা এবং নড়াইলের মির্জাপুর ইউনাইটেড ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাসকে জুতার মালা পরিয়ে হেনস্ত করার ঘটনার প্রতিবাদে সারা দেশের ন্যায় হরিণাকুণ্ডু উপজেলাতে ও এই উত্তপ্ত হাওয়া ছড়িয়ে পড়েছে।

বৃহস্পতিবার বেলা ১১ টায় ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা মোড়ে এক মানববন্ধন ও প্রতিবাদ সভার আয়োজন করা হয়।

এদিকে নড়াইলের মির্জাপুর ইউনাইটেড ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ-কে জুতার মালা পরিয়ে হেনস্ত করা এবং আশুলিয়া স্কুল এন্ড কলেজের শিক্ষক-কে পিটিয়ে হত্যার ঘটনায় দোষীদের গ্রেপ্তার ও বিচারের দাবিতে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে উপজেলার সকল স্কুল,কলেজ,মাদ্রাসার শিক্ষক কর্মচারী ও হরিণাকুণ্ডু স্বাধীনতা

শিক্ষক পরিষদ (স্বাশিপ) এর নেত্রীবৃন্দ।

কর্মসূচীতে অংশগ্রহণ করা জোড়াদাহ কলেজের অধ্যক্ষ শরিফুল ইসলাম বলেন, আমরা আর পিছপা হইবো না। আমাদের প্রিয় শিক্ষককে হত্যা করা হয়েছে। তাঁর শরীরের রক্তের দাগ মুছে যায়নি। বখাটেদের প্রতিহত করতে আমরা সবসময় পদক্ষেপ নিতে হবে।

শিক্ষক হত্যা ও হেনস্তকারীর প্রতিবাদ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন,সকল স্কুল, কলেজ, মাদরাসা প্রধান,ও সহকারী শিক্ষক কর্মচারী সহ, স্থানীয় গণমাণ্য ব্যাক্তিবর্গ সহ আরও অনেকে।

চুয়াডাঙ্গায় আবারো করোনার থাবা, আক্রান্ত ৯ জন

চুয়াডাঙ্গায় আবারো বাড়ছে করোনায় ৪র্থ ধাপে আক্রান্তের সংখ্যা। চুয়াডাঙ্গায় বুধবার করোনা আক্রান্ত হয়েছেন আরও ৯ জন।

চুয়াডাঙ্গায় মোট ২১০ জন মৃত্যুবরণ করেছে এর মধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৯০ জন এবং জেলার বাইরে ২০ জন। গত ২৪ ঘন্টায় নতুন করে ৯ জন করোনা আক্রান্ত হয়েছেন।

এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৭ হাজার ৮৭৪ । চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ বুধবার ১৩ জনের নমুনা সংগ্রহ করেছে।

এ সময় ৯ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৭ হাজার ৮৭৪ জনে। বুধবার নতুন কোনো করোনা রোগী সুস্থ না হলেও। এ নিয়ে জেলায় মোট সুস্থ হয়েছেন ৭ হাজার ৬৫৪ জন।

বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে কেও নাই । চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. মোঃ সাজ্জাৎ হাসান আরো বলেন, গত ২৪ ঘন্টায় চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ৬৯.২৩ শতাংশ।

[redacted]

[redacted]